**Office of the Director (Research)**
Jagannath University
9-10, Chittaranjan Avenue
Dhaka 1100, Bangladesh

**পরিচালক (গবেষণা) দপ্তর**
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
৯-১০ চিত্তরঞ্জন এ্যাভিনিউ
ঢাকা-১১০০, বাংলাদেশ

জবি/প(গ)দ/বিবিধ-৩৭/২০২৪/১২৯ তারিখ: ২৩ জানুয়ারি, ২০২৫

পরিচালক/চেয়ারম্যান

...................................................(সকল) ইনস্টিটিউট/বিভাগ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয়: গবেষণা-প্রস্তাবণা আহ্বান।

সূত্র: স্মারক নম্বর:- ৩৭.০৪.০০০০.৫০০.৩৫.০০১.২৪/৩৬২৫, তারিখ: ১৬/০১/২০২৫ ইং।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর গবেষণা নীতিমালা ২০১৮ অনুযায়ী ২০২৫-২০২৬ অর্থবছরে গবেষণাকর্ম সম্পাদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সংস্থা/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসহ সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসহ জাতীয় পর্যায়ের প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠানের অনুষদ/গবেষকদের নিকট হতে গবেষণা-প্রস্তাবনা আহ্বান করা হয়েছে।

এতদসঙ্গে সংযুক্ত (সূত্রোক্ত) পত্রে বর্ণিত ক্ষেত্রসমূহে গবেষণা-প্রস্তাবনা প্রণয়ন করে আগামী **২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ** বিকাল ৫:০০ টার মধ্যে প্রস্তাবনার হার্ডকপি ও সফটকপি, **পরিচালক (গবেষণা ও তথ্যায়ন), জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫** বরাবর প্রেরণ করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে,

সংযুক্তি: সূত্রোক্ত পত্রের অনুলিপি।

23.1.25
**(অধ্যাপক ড. ইমরানুল হক)**
পরিচালক (গবেষণা)

জবি/প(গ)দ/বিবিধ-৩৭/২০২৪/১২৯ তারিখ: ২৩ জানুয়ারি, ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো:

১. ডীন, সকল অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. সকল বিভাগ/ইনস্টিটিউট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩. গ্রন্থাগারিক, কেন্দ্রীয় গ্রন্থাগার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. পরিচালক (অর্থ ও হিসাব), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫. ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা *(উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)*;
৬. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তব, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা *(ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)*;
৭. সংরক্ষণ/অফিস নথি।

২৩.০১.২০২৫
**(মোঃ আল হেলাল উদ্দিন)**
ডেপুটি রেজিস্ট্রার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৪.০০০০.৫০০.৩৫.০০১.২৪/ ৬৬২৫

তারিখ: ০২/১০/১৪৩১ বঙ্গাব্দ
১৫/০১/২০২৫ খ্রিঃ

বিজ্ঞপ্তি

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর ২০২৫-২৬ অর্থবছরে গবেষণাকর্ম সম্পাদনের জন্য নায়েম গবেষণা নীতিমালা ২০১৮ অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ালয়ের অধীন সংস্থা/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসহ সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসহ জাতীয় পর্যায়ের প্রশিক্ষণ এবং গবেষণা প্রতিষ্ঠানের অনুষদ/গবেষকদের নিকট থেকে গবেষণা-প্রস্তাবনা আহবান করা যাচ্ছে। নিম্নে বর্ণিত ক্ষেত্রসমূহের আলোকে গবেষণা-প্রস্তাবনা প্রণয়ন করে আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৫ (বৃহস্পতিবার) ৫:০০টার মধ্যে প্রস্তাবনার হার্ডকপি ও সফটকপি পরিচালক (গবেষণা ও তথ্যায়ন), নায়েম বরাবর দাখিল করতে অনুরোধ করা হলো।

**১.গবেষণার ক্ষেত্রসমূহ:**

| | | | |
|---|---|---|---|
| i | Addressing Discrimination through Ecological Approach in Education Policy and Planning | x | Research in Education |
| ii | Primary, Secondary and Higher Education | xi | Pedagogy, Andragogy and Teaching Learning Environment |
| iii | Islamic and Madrasah Education | xii | Student Assessment & Public Examination |
| iv | Technical and Vocational Education | xiii | ICT in Education |
| v | Financing, Scholarship and Fellowship in Education | xiv | Gender, Blended and Inclusive Education |
| vi | Innovation and Best Practices in Education | xv | Teachers' Training and Professional Development |
| vii | Curriculum and Textbook | xvi | HRD & HRM in Education |
| viii | Islamic Finance and Legacy Education | xvii | Peace Education and EIU |
| ix | MTB-MLE: Mother Tongue-based Multilingual Education, Linguistic Diversity, Language Ecology, Language Management and Sustainability in Education | xviii | Education for Global Citizenship and Human Capital Development |

**২. গবেষণা-প্রস্তাবনা প্রণয়নে নিচের শর্তসমূহ অনুসরণীয়:**

(ক) Plagiarism Similarity Index (২৫% এর নিচে) অনুসরণপূর্বক গবেষণা প্রস্তাবনার সফটকপি ওয়ার্ড ফরম্যাটে ইংরেজি: Times New Roman বাংলা: Nikosh-এ প্রণয়ন করে ই-মেইল rddivision.naem@gmail.com/ayetali42@gmail.com/ rafiqul.naem@gmail.com প্রেরণ করতে হবে;

(খ) গবেষণা প্রস্তাবনা ইংরেজি অথবা বাংলা ভাষায় প্রণয়ন করা যাবে;

(গ) প্রতিটি গবেষণা প্রস্তাবনার দুটি অংশ থাকবে, প্রথম অংশে শুধু গবেষণার শিরোনামসহ প্রস্তাবনা থাকবে। দ্বিতীয় অংশে গবেষণাদলের উপদেষ্টার জীবন-বৃত্তান্ত, স্বাক্ষরসহ সম্মতিপত্র এবং গবেষণাদলের প্রত্যেক সদস্যের আলাদা সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত, স্বীকৃত প্রকাশনার তালিকা, এনআইডি-র অনুলিপি অন্তর্ভুক্ত করে উভয় অংশের ০৫ সেট দাখিল করতে হবে। দাপ্তরিক কাজের সুবিধার্থে এক পৃষ্ঠায় গবেষকদলের সকল সদস্যের নাম, বর্তমান ঠিকানা ও মোবাইল, ই-মেইলসহ দাখিল করতে হবে;

(ঘ) গবেষকগণ যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্রসহ গবেষণা প্রস্তাবনা দাখিল করবেন;

(ঙ) চাকরিরত নায়েম অনুষদকে যেকোনো গবেষণাদলে অন্তর্ভুক্ত করা যাবে এবং আগ্রহী অনুষদগণ গবেষণাদল গঠন করে গবেষণায় অংশগ্রহণ করতে পারবেন;

(চ) তথ্যপঞ্জি লেখার ক্ষেত্রে হালনাগাদ **APA Style** অনুসরণ করতে হবে;

(ছ) গবেষণাকর্ম সম্পাদন শেষে জমাকৃত প্রতিবেদনের ভিত্তিতে নায়েম জার্নাল-এ প্রকাশোপযোগী প্রবন্ধ জমা দিতে হবে। যা Reviewer-এর অভিমতের ভিত্তিতে নায়েম জার্নালে প্রকাশের ব্যবস্থা করা হবে;

(জ) প্রতিটি গবেষণাকর্মের ফলাফলের সারসংক্ষেপ গবেষণা ও তথ্যায়ন বিভাগ-এ জমা দিতে হবে;

(ঝ) গবেষণাকর্মের সকল ব্যয় সরকারি নীতিমালা ও বাজেট অনুযায়ী পরিশোধ করা হবে;

(ঞ) গবেষণা প্রস্তাবনায় গবেষকদলের উপদেষ্টাসহ সকলের কার্যপরিধি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩. যে কোনো গবেষণাদলের প্রস্তাবনা, কার্যক্রম, পরিবর্তন/পরিমার্জন ও বাতিলের ক্ষমতা নায়েম-এর গবেষণা ও তথ্যায়ন বিভাগ এবং কমিটি সংরক্ষণ করেন।

**৪. আপনার জমাকৃত গবেষণা প্রস্তাবনাটি ১ নম্বর-এ উল্লিখিত কোন ক্ষেত্রের আওতায় পড়ে তা উল্লেখ করুন:**

**৫. গবেষণা প্রস্তাবনার কাঠামো:**

(৪.০) গবেষণার শিরোনাম (Title of the Research)
(৪.১) ভূমিকা (Introduction)
(৪.২) সমস্যার বিবরণ (Statement of the Problem)
(৪.৩) গবেষণা বিষয়ের যৌক্তিকতা (Rationale of the Study)
(৪.৪) গবেষণার উদ্দেশ্য (Objective(s) of the Study)
(৪.৫) গবেষণার পরিধি ও সীমাবদ্ধতা (Scope and Limitation of the Study)
(৪.৬) অনুমিত সিদ্ধান্ত (Formulation of Hypothesis, If necessary)

অনূর্ধ্ব ১০০০ শব্দ

(৪.৭) প্রস্তাবিত গবেষণার সঙ্গে সংশ্লিষ্ট বা সম্পর্কিত গবেষণাকর্মের পর্যালোচনা (Review of Literature) অনূর্ধ্ব ৫০০ শব্দ

(৪.৮) গবেষণা পদ্ধতি (Methodology of Study)

(৪.৯) নমুনায়ন (Sampling)

(৪.১০) উপাত্তের উৎস ও সংগ্রহের পদ্ধতি (Source of Data and Methods of Data Collection) অনূর্ধ্ব ৫০০ শব্দ

(৪.১১) উপাত্ত সংগ্রহের উপকরণ (Tools of Data Collection)

(৪.১২) উপাত্ত বিশ্লেষণ ও উপস্থাপন পদ্ধতি (Methods of Data Analysis and Presentation)

(৪.১৩) গবেষণাকর্মটি সম্পাদনে ধারণাগত কাঠামো Conceptual Framework (If necessary)

(৪.১৪) তথ্যপঞ্জি (References)

(৪.১৫) গবেষণাকর্ম সম্পাদনের কর্মপরিকল্পনা (Work Plan of the Study)

(৪.১৬) প্রত্যাশিত ফলাফল (Expected output)

৬. গবেষণা বাজেট: গবেষণাকর্ম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য মোট বরাদ্দ: সর্বোচ্চ ০৪ (চার) লক্ষ টাকা।

৬.১ গবেষণাদল গঠন ও ব্যয় বিভাজন:

| গবেষণাদলের গঠন | সম্মানী মোট বরাদ্দ ও ব্যয় বিভাজন (%) |
|---|---|
| পরামর্শক (এক জন) | ৫% |
| দলনেতা (এক জন) | ১২% |
| সদস্য (দুই জন) | (৯% +৯%) = ১৮% |
| উপাত্ত সংগ্রহ, যাতায়াত, ষ্টেশনারি ক্রয় ও অন্যান্য খাত | ৬৫% |
| মোট = | ১০০% |

৭. গবেষকদলের কর্মপরিধি:

গবেষণা প্রস্তাবনায় গবেষকদলের উপদেষ্টা, দলনেতা, সদস্য-১ ও সদস্য-২ এর কর্মপরিধি অবশ্যই উল্লেখ করতে হবে।

৮. পরামর্শকের যোগ্যতা:

(i) এমফিল/পিএইচডি ডিগ্রি, অথবা শিক্ষা ও গবেষণাকর্মে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা আছে এমন সক্রিয় গবেষক গবেষণাকর্মের উপদেষ্টা/পরামর্শক হবেন;

(ii) নায়েম গবেষণা কমিটির কোন সদস্য গবেষণাকর্মের পরামর্শক হতে পারবেন না;

(iii) একই অর্থবছরে কোনো গবেষক একাধিক দলের উপদেষ্টা/পরামর্শক হতে পারবেন না।

৯. গবেষণাদলের দলনেতা ও সদস্যের যোগ্যতা:

(ক) দলনেতা এমফিল বা পিএইচডি ডিগ্রিধারী হবেন/প্রতিষ্ঠিত জার্নালে প্রকাশিত কমপক্ষে ০৫ (পাঁচ)টি গবেষণাকর্ম থাকতে হবে;

(খ) একজন গবেষক কেবল ০১ (এক)টি গবেষণাদলের সদস্য হয়ে প্রস্তাবনা জমা দিতে পারবেন। যদি কেউ একাধিক দলের সদস্য হয়ে গবেষণা প্রস্তাবনা দাখিল করেন তবে তিনি যে কোনো একটি দলে অন্তর্ভুক্ত থেকে অন্য দলে তার স্থলে নতুন সদস্য অর্ন্তভুক্ত করা হবে;

(গ) অনুমোদিত গবেষণাদলে কোনো পরিবর্তন প্রয়োজন হলে গবেষণা ও তথ্যায়ন বিভাগের মাধ্যমে কমিটির অনুমোদনক্রমে পরিবর্তন করতে হবে;

(ঘ) নায়েমের কোন অনুষদ সদস্য অন্যত্র বদলি হয়ে গেলেও তিনি চলমান গবেষণাকর্ম সম্পন্ন করতে পারবেন;

(ঙ) গবেষণাকর্মের জন্য ভ্রমণকালকে দাপ্তরিক কর্মকাল বলে গণ্য করা হবে। উক্ত ভ্রমণের জন্য গবেষণাকর্মের বরাদ্দ হতে ভ্রমণব্যয় নির্বাহ করতে হবে। নায়েমের রাজস্ব বাজেট হতে আলাদাভাবে ভ্রমণ ভাতা দেওয়া হবে না।

(প্রফেসর ড. শাহ মো. আমির আলী)
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
ও
সভাপতি, নায়েম গবেষণা কমিটি
ই-মেইল: dg@naem.gov.bd
ফোন: ৫৫১৬৭৫২৯

২০ প্রাপক: উপাচার্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০৪.০০০০.৫০০.৩৫.০০১.২৪/ ৮৫২৫(৯) তারিখ: ০২.১২০১২৪৩১৪; ১৬/০১/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
৩. পরিচালক, গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/পরিকল্পনা ও উন্নয়ন, নায়েম;
৪. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম (বিজ্ঞপ্তিটি নায়েম-এর ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
৫. প্রধান সম্পাদক/সম্পাদক------------------------------------------------
৬. ডকুমেন্টেশন অফিসার, নায়েম (সংরক্ষণের জন্য);
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম;
৮. নোটিশ বোর্ড (সকল), নায়েম;
৯. অফিস নথি।

১৬.০১.২৫

(ড. মো. আতিকুল ইসলাম পাঠান)
পরিচালক (গ্রেড-৩)
গবেষণা ও তথ্যায়ন বিভাগ
নায়েম, শিক্ষা মন্ত্রণালয়
ও
সদস্য-সচিব, নায়েম গবেষণা কমিটি
ফোন: ৫৫১৬৭৫৩১/০১৭৬১-৫৮১০৬০